# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭০

তারিখঃ ২৮ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭১৮ তম কমিশন সভা অদ্য ১১/০২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় ডেল্টা হাসপাতাল লিমিটেড (Delta Hospital Limited) কর্তৃক প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যুর করে ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার তহবলি উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে সাধারণ শেয়ারের প্রান্ত (Cut-off) মূল্য নির্ধারণের জন্য যোগ্য বিনিয়োগকারীগণের (Eligible Investors) বিডিং এর অনুমোদন প্রদান করা হয়। এই প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে কোম্পানীটি ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমকি গণ প্রস্তাবরে খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৯ তারিখে সমাপ্ত বৎসরে সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি সম্পদ পুনঃমূল্যায়নসহ নেট এ্যাসটে ভ্যালু (NAV) টাকা ৪৫.৮৪ ও সম্পদ পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসটে ভ্যালু (NAV) টাকা ১৬.৬২ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.১০। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ১.৯১। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে প্রাইম ফ্যাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (Prime Finance Capital Management Limited) এবং রেজিস্ট্রার টু দ্যা ইস্যুর দায়িত্বে নিয়োজিত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (ICB Capital Management Limited)। উল্লেখ্য যে, কোম্পানীটির সাধারণ শেয়ারের প্রান্ত (Cut-off) মূল্য নির্ধারণের জন্য ইলেকট্রনিক বিডিং এ অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) কে ইলেকট্রনিক বিডিং শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২. রানার অটোমোবাইলস লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত তহবিল এর মধ্যে ৬৩ (তেষট্টি) কোটি টাকার ব্যবহারের সংশোধিত প্রস্তাব (যা ইতিমধ্যে পরিচালনা পর্ষদ ও বিশেষ সাধারণ সভায় সাধারণ শেয়ারহোল্ডার কর্তৃক অনুমোদিত হয়) কমিশন কর্তৃক অনুমোদিত হয়। তবে উক্ত অর্থের যথাযথ ব্যবহার সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদ কোন প্রকার বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না মর্মেও কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড 1st ACACIA SRIM SME Growth Unit Fund' এর খসড়া প্রসপেক্টাস কমিশন অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক একাশিয়া এসআর ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট লি:। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে সেন্টিনেল ট্রাস্টি অ্যান্ড কাস্টডিয়াল সার্ভিসেস লি:।

মো: মাহবুবুল আলম
নির্বাহী পরিচালক